



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১ ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার অনলাইন রেজিস্ট্রেশন শুরু

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৪ জানুয়ারি ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রথমবর্ষের ভর্তি পরীক্ষার অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম আজ সকাল ১০টায় শুরু হয়েছে। আগামী ৩১ জানুয়ারি ২০২৪ তারিখ, রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত অনলাইনে রেজিস্ট্রেশন করা যাবে। উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বিশ্ববিদ্যালয়ের কাউন্সিল কক্ষে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম উদ্বোধন করেন। উপাচার্য ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার অনলাইন রেজিস্ট্রেশন নির্বিঘ্নভাবে করতে দায়িত্বপ্রাপ্ত সকলের সর্বাঙ্গিক সহযোগিতা কামনা করেন। এ সময় উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, রেজিস্ট্রার মোঃ আবু হাসান, উপ-রেজিস্ট্রার (শিক্ষা) এবং সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) ভর্তি পরীক্ষার অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম পরিচালনা করছে। আইআইটি'র পরিচালক অধ্যাপক ড. এম শামীম কায়সার ভর্তি পরীক্ষার অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সহজ, সুষ্ঠু এবং নির্বিঘ্ন করতে সব ধরনের প্রস্তুতির কথা জানান। ভর্তি পরীক্ষার বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট <https://ju-admission.org> এ পাওয়া যাচ্ছে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি

পরিচালক (ভারপ্রাপ্ত)

